# বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া

গ্যাস আইন মেনে চলুন। জাতীয় সম্পদ গ্যাসের সদ্ব্যবহার নিশ্চিত করুন

জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

## বাংলাদেশ গ্যাস আইন ২০১০ সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জাতীয় সংসদ কর্তৃক ২০১০ সনের ৪০নং আইন হিসেবে 'বাংলাদেশ গ্যাস আইন ২০১০' অনুমোদনের পর আইনটি সর্বসাধারণের অবগতির জন্য বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, তারিখ ১৯ জুলাই, ২০১০ এ প্রকাশ করা হয়েছে। প্রাকৃতিক গ্যাস ও উহার সহজাত তরল হাইড্রোকার্বন সঞ্চালন, বিতরণ, বিপণন, সরবরাহ ও মজুদের উদ্দেশ্যে এবং উহাদের যথার্থ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণ এবং এতদ্সংক্রান্ত বিষয়ে বিভিন্ন বিধান প্রণয়নের লক্ষ্যে আইনটি প্রণীত হয়। উক্ত আইনের অধ্যায়-৬ এ অপরাধ ও দন্ড অংশে নিম্নবর্ণিত কার্যকলাপের জন্য সর্বোচ্চ ৫(পাঁচ) বছর কারাদন্ড এবং অর্থদন্ড অথবা উভয় দন্ডের বিধান রাখা হয়েছে ঃ

- অবৈধভাবে সরবরাহ লাইন ও অভ্যন্তরীণ লাইনের মধ্যে সরাসরি বা প্রত্যক্ষ সংযোগ স্থাপন করিয়া গ্যাস ব্যবহার করা;
- কোন ব্যক্তি কনডেনসেট পাইপলাইনে অবৈধ হস্তক্ষেপের মাধ্যমে বা অন্য কোনভাবে কনডেনসেট চুরি করিলে;
- গৃহস্থালী সংযোগ হইতে অননুমোদিত বা অবৈধভাবে বাণিজ্যিক কাজে বা শিল্প প্রতিষ্ঠানে গ্যাস ব্যবহার করিলে;
- ক্যাপটিভ পাওয়ার শ্রেণীভূক্ত গ্রাহক তাহার অনুমোদিত সংযোগ হইতে অননুমোদিত বা অবৈধভাবে বাণিজ্যিক কাজে বা গৃহস্থালী কাজে বা শিল্প প্রতিষ্ঠানে গ্যাস ব্যবহার করিলে;
- সিএনজি শ্রেণীভূক্ত গ্রাহক তাহার অনুমোদিত সংযোগ হইতে অননুমোদিত বা অবৈধভাবে বাণিজ্যিক কাজে বা গৃহস্থালী কাজে বা শিল্প প্রতিষ্ঠানে বা বিদ্যুৎ উৎপাদনে গ্যাস ব্যবহার করিলে;
- কোন ব্যক্তি কোন লাইসেন্সীর কোন গ্যাস বিতরণ নেটওয়ার্ক হইতে তাহার লিখিত সম্মতি ব্যতিরেকে অবৈধ পন্থায় গ্যাস আহরণের নিমিত্ত কোন লাইন স্থাপন বা গ্যাস সংযোগ গ্রহণ করিলে;
- কোন গ্রাহক লাইসেন্সীর লিখিত সম্মতি ব্যতিরেকে যে উদ্দেশ্যে গ্যাস সংযোগ প্রদান করা হইয়াছে সে উদ্দেশ্য ব্যতীত অন্য কোন উদ্দেশ্যে গ্যাস ব্যবহার করিলে বা অনুমোদিত গ্যাস স্থাপনার মাধ্যমে নির্ধারিত মাসিক লোড হইতে বেশী হারে গ্যাস ব্যবহার করিলে;
- কোন সিএনজি রিফুয়েলিং ষ্টেশন সরকার কর্তৃক নির্ধারিত চাপের অধিক চাপে অথবা মিটার টেম্পারিং করিয়া সিএনজি বিক্রয় করিলে;
- কোন ব্যক্তি কনডেনসেট, সিএনজি, এলপিজি শিল্প স্থাপনে বা গ্যাস সিস্টেম পরিচালন ব্যবস্থায় বা গ্যাস শিল্পের ব্যবসা প্রতিষ্ঠানে কোন ধ্বংসাত্মক বা নাশকতামূলক কার্য সংঘটন করিলে;
- কোন গ্রাহক গ্যাস বিতরণকারী বা সরবরাহকারী কর্তৃপক্ষের প্রতিনিধি হিসাবে কর্তব্যরত কোন কর্মকর্তা বা কর্মচারীকে গ্রাহক আঙ্গিনায় প্রবেশে বা গ্যাস সংযোগ স্থান বা উহার সরঞ্জামাদি পরিদর্শনে বাধা প্রদান বা গ্রাহক আঙ্গিনায় তাহাকে আটকাইয়া রাখিলে;
- কোন ব্যক্তি গ্যাস সঞ্চালন, বিতরণ এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকানাধীন পাইপলাইন, মিটার, রেগুলেটর বা অন্য কোন সামগ্রী চুরি বা ইচ্ছাকৃতভাবে উহাদের কোন ক্ষতিসাধন করিলে;
- গ্যাস পাইপলাইন, মিটার, রেগুলেটর বা অন্য কোন সামগ্রী চুরিকৃত জানিয়া বা উহা চুরি করা হইয়াছে বলিয়া বিশ্বাসের যথেষ্ট কারন থাকা সত্বেও উহা ক্রয়-বিক্রয় বা উহা দখলে রাখিলে;
- এই আইনের অধীন যে কোন অপরাধ সংঘটনে প্রত্যক্ষ বা পরোক্ষ সহায়তা, প্ররোচনা বা ষড়যন্ত্র করিলে;

এই আইনের অধীন কোন প্রথম শ্রেণীর জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট বা মেট্রোপলিটান ম্যাজিষ্ট্রেট দোষী সাব্যস্ত ব্যক্তিকে সংশ্লিষ্ট অপরাধের জন্য এই আইনে অনুমোদিত যে কোন দন্ড আরোপ করিতে পারিবে।

উপরোল্লিখিত কার্যকলাপ থেকে বিরত থাকার জন্য সর্বসাধারণকে অনুরোধ করা যাচ্ছে।

101.08.03.009/69(PRS)

GD-4735

কর্তৃপক্ষ

---

মহাপরিচালকের কার্যালয়

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড

পানি সম্পদ মন্ত্রণালয়

৭২, গ্রীণ রোড, ঢাকা।

ফোন নং : ৯১৩৭৩১২, ৮১১৬৯০২

স্মারক নং ঃ ৪২.১০৪.০০০০.০০০.০২২৩.২০১০-৬৯৮৭

তারিখ ঃ ০২-১১-২০১০ খ্রিঃ।

## দরপত্র আহ্বান

নোটিশ নংঃ ০১/২০১০-১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

| | | | |
|---|---|---|---|
| ১. | মন্ত্রণালয় / বিভাগ | পানি সম্পদ মন্ত্রণালয়। | |
| ২. | সংস্থা | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড। | |
| ৩. | দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠানের নাম | মহাপরিচালকের কার্যালয়, বাহাজউবো, ৭২ গ্রীন রোড, ঢাকা। | |
| ৪. | দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠান কোড | ১০৪ | |
| ৫. | দরপত্র আহ্বানকারী প্রতিষ্ঠানের জেলা | ঢাকা | |
| ৬. | দরপত্রের বিষয় বস্তু | কিশোরগঞ্জ আঞ্চলিক অফিস ভবন, ষ্টাফ কোয়াটার, গ্যারেজ এবং সীমানা প্রাচীর মেরামত ও সংস্কার। | |
| ৭. | দরপত্র বিজ্ঞপ্তি নম্বর | টেন্ডার নং-০১/২০১০-২০১১ | |
| ৮. | তারিখ | ৩১/১০/২০১০ | |
| গুরুত্বপূর্ণ তথ্যাদি | | | |
| ৯. | দরপত্র পদ্ধতি | সীমিত দরপত্র পদ্ধতি (এল,এম,টি) | |
| খাত তথ্যাদি | | | |
| ১০. | বাজেট ও তহবিলের উৎস | অনুন্নয়ন খাত ( কোড নং - ৬৬৫১ অপ্রত্যাশিত) | |
| ১১. | উন্নয়ন খাত | নাই | |
| বিশদ তথ্যাদি | | | |
| ১২. | প্রকল্প/কর্মসূচী কোড | নাই | |
| ১৩. | প্রকল্প/কর্মসূচির নাম | অনুন্নয়ন খাত | |
| ১৪. | দরপত্র প্যাকেজ নং | BUILDING/KISHORE/বাহাজউবো-০১/১০-১১ | |
| ১৫. | টেন্ডার প্যাকেজ নাম | কিশোরগঞ্জ আঞ্চলিক অফিস ভবন, ষ্টাফ কোয়াটার, গ্যারেজ এবং সীমানা প্রাচীর মেরামত ও সংস্কার। | |
| ১৬. | দরপত্র প্রকাশের তারিখ | ০৪-১১-২০১০ ইং (আনুমানিক) | |
| ১৭. | দরপত্র তফসিল বিক্রির তারিখ | ২৪-১১-২০১০ ইং অফিস চলাকালীন সময় পর্যন্ত | |
| ১৮. | দরপত্র তফসিল জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | তারিখঃ ২৫-১১-২০১০ ইং | সময় ১২.০০ ঘটিকা |
| ১৯. | দরপত্র খোলার তারিখ ও সময় | তারিখঃ ২৫-১১-২০১০ | সময়ঃ ১৩.০০ ঘটিকা |
| ২০. | অফিসের নাম ও ঠিকানা<br>দরপত্র বিক্রয়ের ঠিকানা<br>দরপত্র জমা দেওয়ার ঠিকানা<br>দরপত্র খোলার ঠিকানা | মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীন রোড, ঢাকা। | |
| ২১. | টেন্ডার মিটিংয়ের স্থান, তারিখ ও সময় | প্রযোজ্য নয় | |
| দরপত্রের গুরুত্বপূর্ণ তথ্যাদি | | | |
| ২২. | দরপত্র অংশ গ্রহনের যোগ্যতা | সংশ্লিষ্ট কাজের পূর্ব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ২৩. | দরপত্রের কাজের সংক্ষিপ্ত বর্ণনা | ক্রমিক নং ২৫ এ বর্ণিত। | |
| ২৪. | সংশ্লিষ্ট কাজের সংক্ষিপ্ত বিবরণ | প্রযোজ্য নয় | |

| ২৫. | প্যাকেজ/লট নং | প্যাকেজের বর্ণনা | স্থান | বিড সিকিউরিটি | টেন্ডার ডকুমেন্টের মূল্য | কার্য সম্পাদনে সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | নংঃ বিল্ডিং/কিশোর/বাহাজউবো-০১/১০-১১ | কিশোরগঞ্জ অফিস ভবন, ষ্টাফ কোয়াটার, গ্যারেজ এবং সীমানা প্রাচীর মেরামত ও সংস্কার। | তারাপাশা, কিশোরগঞ্জ | ৯০,০০০/- | ১০০০/- | ১২০ দিন | বিড সিকিউরিটি প্রদান বাধ্যতামূলক নহে। |

| | | |
|---|---|---|
| ২৬. | দরপত্র আহ্বায়কের নাম | মেজর মোঃ গোলাম কিবরিয়া খান চৌধুরী (অবঃ) |
| ২৭. | দরপত্র আহ্বায়কের পদবী | মহাপরিচালক |
| ২৮. | দরপত্র আহ্বায়কের কার্যালয়ের যোগাযোগের ঠিকানা | বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড, ৭২ গ্রীন রোড, ঢাকা।<br>ফোন নং : ৯১৩৭৩১২, ৮১১৬৯০২<br>ফ্যাক্সঃ ৯১৪৪১৯৫, ওয়েবঃ www.bhwdb.gov.bd |
| ২৯. | দূরালাপনী | ফোন নং : ৮১১৬৯০২ |
| ৩০. | বিশেষ নির্দেশাবলী | |
| ক. | পাবলিক প্রকিউরমেন্ট,২০০৮ ও পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধনী) আইন, ২০০৯ মোতাবেক দরপত্র পরিচালিত হবে। | |
| খ. | কাজটি সম্পূর্নরূপে বাতিল করা যেতে পারে সেক্ষেত্রে ঠিকাদার কর্তৃক কোন অতিরিক্ত দর এর দাবী গ্রহন যোগ্য হবে না। এবং যদি কাজের পরিমান কমিয়ে কার্যাদেশ প্রদান করা হয় সেক্ষেত্রে কোন দাবী গ্রহন যোগ্য হবে না। | |
| গ. | বাজেট বরাদ্দ পাওয়া গেলেই কেবল মাত্র কার্যাদেশ প্রদান করা হবে। অন্যথায় কোন দাবী গ্রহন যোগ্য হবে না। | |
| ঘ. | অনিবার্য কারণবশত যদি দরপত্র গ্রহন নির্ধারিত তারিখে গ্রহণ সম্ভব না হয়দ, তবে পরবর্তী কার্যদিবসে একই সময়ে দরপত্র গ্রহণ করা হবে। | |
| ঙ. | ব্যাংক হইতে ক্রেডিট সার্টিফিকেট এর ক্ষেত্রে নির্ধারিত প্যাকেজ নম্বর এবং কাজের নাম অবশ্যই উক্ত সার্টিফিকেটে দেখাতে হবে। | |
| চ. | দরপত্রে অরজিনাল কপি ছাড়াও অতিরিক্ত আরেকটি কপি দাখিল করতে হবে। প্রত্যেক কপির পৃথক খামের উপরে দরপত্রে "অরজিনাল" এবং ডুপ্লিকেট কপি লিখতে হবে। উভয় কপি একটি খামের ভিতরে ( One) single envelope এ দাখিল করতে হবে। | |
| ছ. | কর্তৃপক্ষ দরপত্র গ্রহনের পূর্বে দরপত্র সম্পূর্ণ গ্রহণ বা বাতিল করার ক্ষমতা রাখে। | |
| জ. | অরজিনাল এবং ডুপ্লিকেট কপি ছাড়াও দরপত্র দাখিলকারী অন্য আরেকটি কপি (Bill of Quantities) নামে প্রস্তুত পূর্বক আলাদা আরেকটি খামে দাখিল করবেন। অর্থাৎ অরজিনাল কপি,এবং ডুপ্লিকেট কপি (Bill of Quantities) এই তিনটি একত্রে ১টি আলাদা খামের ভিতর দাখিল করতে হবে। | |
| ঝ. | ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দাপ্তরিক ভাবে প্রাক্কলিত কাজের ক্ষেত্রে ঠিকাদার কর্তৃক সম্পূর্ণ নির্ধারিত/ দাখিলকৃত দর দপ্তর কর্তৃক প্রাক্কলিত অর্থের ৫% উপরে বা নীচে হবে না। যদি হয় সে ক্ষেত্রে দরপত্র বাতিল বলে গন্য হবে। (Estimated value furnished in TDS (Section-2)-related to ITT 1.1. | |
| ঞ. | টেন্ডার নোটিস অথবা দরপত্র বিজ্ঞপ্তি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডের ওয়েব সাইড ঃ www.bhwdb.gov.bd. -এ পাওয়া যাবে। | |

২/১১/২০১০

(মেজর মোঃ গোলাম কিবরিয়া খান চৌধুরী (অবঃ) )

মহাপরিচালক

ফোন নং ঃ ৯১৩৭৩১২

ই-মেইল ঃ info@bhwdb.gov.bd

C-1544

---

# সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর

প্রতিরক্ষা মন্ত্রণালয়

ঢাকা সেনানিবাস

ঢাকা

নং-৭/এমএলএন্ডসি/ঢাকা/১০২-৩/শা-২/২৬

তারিখঃ ১৭ কার্তিক ১৪১৭ বঙ্গাব্দ / ০১ নভেম্বর ২০১০ খ্রিস্টাব্দ

## দরপত্র বিজ্ঞপ্তি

| | | | |
|---|---|---|---|
| ১। | মন্ত্রণালয় | ঃ | প্রতিরক্ষা মন্ত্রণালয়। |
| ২। | সংস্থা | ঃ | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস। |
| ৩। | সংগ্রাহক | ঃ | পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, ঢাকা সেনানিবাস। |
| ৪। | কাজের নাম | ঃ | অফিসের ব্যবহারের জন্য চার দরজাবিশিষ্ট ১৩০০/১৫০০ ? ৫ সিসি সর্বশেষ মডেলের কার সরবরাহ। |
| ৫। | দরপত্র নং | ঃ | ৭/এমএলএন্ডসি/ঢাকা/১০২-৩/শা-২/২৬। |
| ৬। | সংগ্রহ ও পদ্ধতি | ঃ | খোলা দর। |
| ৭। | টাকার উৎস | ঃ | সরকারি অনুদান। |
| ৮। | দরপত্র গ্রহণের তারিখ | ঃ | ২৪/১১/২০১০ইং। |
| ৯। | দরপত্র গ্রহণের সময় | ঃ | ১২.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১০। | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | ঃ | ২৪/১১/২০১০ইং সময় ১৩.০০ ঘটিকা। |
| ১১। | দরপত্রদাতার যোগ্যতা | ঃ | মটরযান নির্মাণকারী/মটরযান নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত প্রকৃত ডিস্টিবিউটর। |
| ১২। | সিডিউলের বিবরণ | ঃ | অত্র অধিদপ্তর হতে সরবরাহকৃত স্পেসিফিকেশন অনুযায়ী প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে গাড়ির রেজিস্ট্রশন, সিএনজিতে রূপান্তরকরণ ও বীমা খরচসহ সর্বশেষ মডেলের গাড়ির মূল্য উল্লেখপূর্বক গাড়ির ক্যাটালগ সংযুক্ত করতে হবে। |
| ১৩। | জামানতের টাকা (ফেরতযোগ্য) | ঃ | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা। |
| ১৪। | কাজের সময়সীমা | ঃ | কার্যাদেশে নির্ধারিত সময়সীমার মধ্যে গাড়ি সরবরাহ করতে হবে। |

**শর্তাবলীঃ**

(ক) দরপত্র গ্রহণের পূর্ব তারিখ পর্যন্ত অত্র অধিদপ্তর হতে অফিস চলাকালীন সময়ে গাড়ি নির্মাতা প্রতিষ্ঠান/মটরযান নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক নিয়োগকৃত প্রকৃত ডিস্টিবিউটর, বিনামূল্যে স্পেসিফিকেশন সংগ্রহ করা যাবে। প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান ব্যতীত অন্য কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট স্পেসিফিকেশন সরবরাহ করা হবে না।

(খ) সরবরাহকৃত গাড়ির রেজিস্ট্রেশন, সিএনজিতে রূপান্তরকরণ ও ফাস্ট পার্টি বীমাসহ সরবরাহকৃত স্পেসিফিকেশন অনুযায়ী পৃথক পৃথকভাবে মূল্য উল্লেখ করতে হবে।

(গ) দরপত্রের সকল রুলস রেগুলেশন ও অন্যান্য নিয়মাবলী পাবলিক প্রকিউরমেন্ট আইন-২০০৮ ও সরকারি অন্যান্য আর্থিক বিধি-বিধান অনুযায়ী (যেমন-ভ্যাট, আইটি) কর্তন করা হবে।

(ঘ) উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

(ঙ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

মরতুজা আহমদ

পরিচালক

ফোনঃ ৮৭১১৫১০

জিডি-৪৭২৮

---

# বাংলাদেশ পাটকল করপোরেশন

আদমজী কোর্ট, মতিঝিল, ঢাকা

## নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারী সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ পাটকল করপোরেশন (বিজেএমসি) এর নিয়ন্ত্রণাধীন বন্ধ মিলসমূহ পুনরায় চালুকরণের লক্ষ্যে নিম্নে বর্ণিত পদে নিয়োগের জন্য বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে স্থায়ী, বর্তমান ঠিকানা ও পূর্ণাঙ্গ বায়োডাটাসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বয়স (বয়স ০৬/১২/২০১০ তারিখে) |
|---|---|---|---|
| ০১ | প্রধান শিক্ষক, ১৫০০০-২৬২০০/- | ০৪ | শিশু মনোবিজ্ঞানে এবং অফিস ব্যবস্থাপনা কাজে সম্যক জ্ঞানসহ যে কোন অনুমোদিত বিদ্যালয়ে ১৮ বছরের সহকারী প্রধান শিক্ষক হিসেবে শিক্ষান্তোর কর্ম অভিজ্ঞতাসহ এমএড/বিএড পাস। বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স : অনূর্ধ্ব ৪৫ বছর। |
| ০২ | সহকারী প্রধান শিক্ষক, ৮০০০-১৬৫৪০/- | ০৪ | দ্বিতীয় শ্রেণীর মাষ্টার ডিগ্রিসহ এমএড/বিএড শিশু মনোবিজ্ঞানে ও অফিস ব্যবস্থাপনায় সম্যক জ্ঞানসম্পন্ন ও সহকারী শিক্ষক হিসেবে ৬ বছরের শিক্ষান্তোর অভিজ্ঞতা। বয়স : অনূর্ধ্ব ৪০ বছর। |
| ০৩ | সহকারী শিক্ষক, ৬৪০০-১৪২৫৫/- | ৬০ | বিএডসহ স্নাতক সংশ্লিষ্ট ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতা। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৪ | শরীর চর্চা শিক্ষক/প্রশিক্ষক, ৬৪০০-১৪২৫৫/- | ০৪ | বিপিএডসহ স্নাতক সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৫ | সহকারী ধর্মীয় শিক্ষক, ৬৪০০-১৪২৫৫/- | ০৬ | টাইটেল পাসসহ ধর্মীয় শিক্ষা প্রদানে ২ বছরের অভিজ্ঞতা। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৬ | উচ্চমান সহকারী, ৫৯০০-১৩১২৫/- | ১১৮ | কলা/বাণিজ্যে/বিজ্ঞান/ব্যবসা প্রশাসনে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিধারী। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৭ | মান নিয়ন্ত্রণ সহকারী, ৫৯০০-১৩১২৫/- | ০৬ | বিজ্ঞানে স্নাতক (সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে)। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ০৮ | পেশ ইমাম, ৫২০০-১১২৩৫/- | ০৮ | ফাজিল পাস এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বছরের অভিজ্ঞতা। বয়স : অনূর্ধ্ব ৪০ বছর। |
| ০৯ | সময় রক্ষক, ৪৯০০-১০৪৫০/- | ৬১ | উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান/বাণিজ্য/কলা) সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ (অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১০ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, ৪৭০০-৯৭৪৫/- | ০৯ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজি ২৫ এবং বাংলায় ২০ শব্দ গতি সম্পন্ন হতে হবে। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১১ | নিম্নমান সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ৪৭০০-৯৭৪৫ | ১০১ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ ও কম্পিউটার টাইপে প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ১৫ শব্দের গতি থাকতে হবে। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১২ | টেলিফোন/টেলেক্স অপারেটর, ৪৭০০-৯৭৪৫/- | ০৫ | টেলিফোন পিবিএক্স অপারেটর হিসেবে ২ বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৩ | কম্পাউন্ডার, ৪৭০০-৯৭৪৫/- | ০৬ | কোন সরকারি প্রতিষ্ঠান হতে কম্পাউন্ডারশীপ বা ফারমাসিস্ট কোর্স পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৪ | টালী ক্লার্ক, ৪৭০০-৯৭৪৫/- | ১০০ | উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান/বাণিজ্য/কলা) পরীক্ষায় উত্তীর্ণ। (অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৫ | ড্রেসার/পরিসেবিকা, ৪৫০০/- -৯০৯৫/- | ১৫ | মাধ্যমিক সার্টিফিকেট পাস। পরিসেবিকার ক্ষেত্রে ২ বছরের অভিজ্ঞতাসহ (সংশ্লিষ্ট ক্ষেত্রে) সেবিকা কোর্স পাস এবং ড্রেসারের ক্ষেত্রে ৫ বছরের ব্যবহারিক অভিজ্ঞতা। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৬ | পরীক্ষক (টেস্টার), ৪৭০০-৯৭৪৫/- | ১২ | বিজ্ঞানে উচ্চ মাধ্যমিক পাস। (অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)। বয়স : ১০ তারিখে অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৭ | সুইচবোর্ড এ্যাটেনডেন্ট (এসবিএ), ৪৭০০-৯৭৪৫/- | ১৮ | মাধ্যমিক পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্স পাস। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৮ | বিজ্ঞানাগার সহকারী, ৪৭০০-৯৭৪৫/- | ০২ | বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক পাস, প্রি-মেডিক্যাল/বিজ্ঞানাগার কার্যে অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিকে অগ্রাধিকার দেয়া হবে। বয়স : খ অনূর্ধ্ব ৩০ বছর। |
| ১৯ | গাড়িচালক, ৪৭০০-৯৭৪৫/- | ১৭ | গাড়ি চালনায় লাইসেন্সসহ ৫ বছরের অভিজ্ঞতা (সংশ্লিষ্ট ক্ষেত্রে) ও অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষাগত যোগ্যতা। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২০ | মুয়াজ্জিন, ৪২৫০-৮১৪০/- | ০৮ | জামাত-ই-উলা পাসসহ ৫ বছরের অভিজ্ঞতা। (সংশ্লিষ্ট ক্ষেত্রে)। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২১ | এমএলএসএস, ৪১০০-৭৭৪০/- | ৭১ | অষ্টম শ্রেণী পাস। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২২ | নিরাপত্তা প্রহরী, ৪১০০-৭৭৪০/- | ৩০৪ | ৮ম শ্রেণী পাস এবং কোন শিল্প প্রতিষ্ঠানে ৩ বছরের চাকুরীর অভিজ্ঞতা (সংশ্লিষ্ট ক্ষেত্রে)। অবসরপ্রাপ্ত সৈনিক/পুলিশ/বিডিআর সদস্যদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২৩ | সুইপার/মালী, ৪১০০-৭৭৪০/- | ১৩৩ | ৮ম শ্রেণী পাস। মালীর ক্ষেত্রে বাগান করা কার্যে বাস্তব অভিজ্ঞতা। বয়স : অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২৪ | হেলপার, ৪৪০০-৮৫৮০/- | ০১ | গাড়ি পরিষ্কারের অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস। বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর |
| ২৫ | পাচক, ৪১০০-৭৭৪০/- | ১০ | রন্ধন কার্যে অভিজ্ঞতাসহ ৫ম শ্রেণী পাস। বয়স ঃ খ অনূর্ধ্ব ৩০ বছর |
| ২৬ | জেনারেটর অপারেটর, ৪৭০০-৯৭৪৫/- | ০২ | মাধ্যমিক পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ট্রেড কোর্স পাস। বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২৭ | মটর মেকানিক, ৪৪০০-৮৫৮০ | ০১ | অষ্টম শ্রেণী পাসসহ মটর গাড়ির মেরামত কাজে ০৫ বছরের অভিজ্ঞতা। বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর। |
| ২৮ | কয়াল, ৪২৫০-৭৭৪০/- | ০৬ | ৮ম শ্রেণী পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ১০ বছরের অভিজ্ঞতা। বয়স ঃ অনূর্ধ্ব ৩০ বছর। |

**শর্তাবলী ঃ**

(১) প্রার্থীকে সচিব, বাংলাদেশ পাটকল করপোরেশন, ১১৫-১২০, মতিঝিল বা/এ, আদমজী কোর্ট (এনেক্স), ৫ম তলা, ঢাকা-১০০০ বরাবরে আবেদনপত্র দাখিল করতে হবে।

(২) যে কোন তফসিলী ব্যাংক হতে স্থায়ী পদের আওতায় ক্রঃ নং ০১-৭ প্রার্থীদের ৩০০/- টাকা এবং অন্যান্য প্রার্থীদের ২০০/- টাকা মূল্যের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার "বাংলাদেশ পাটকল করপোরেশন" এর অনুকূলে আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে।

(৩) আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে ঃ

(ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি। (মূল সনদ না থাকলে সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি। তবে মৌখিক সাক্ষাৎকার গ্রহণের সময় মূল সনদ দেখাতে হবে)।

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

(গ) ওয়ার্ড কমিশনার/পৌরসভা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র অথবা জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।

(ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি।

(চ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা এর পুত্র/কন্যা হিসাবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের প্রধান উপদেষ্টা মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসেবে গণ্য হবে না।

(৪) বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যাদের বয়সসীমা অনূর্ধ্ব ৩২ বছর (প্রযোজ্য ক্ষেত্রে) শিথিলযোগ্য।

(৫) সরকারি, আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এক্ষেত্রে আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(৬) প্রার্থীকে অবশ্যই ০৬/১২/২০১০ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি বিজেএমসি প্রধান কার্যালয়ে সংরক্ষিত বাক্সে আবেদনপত্র পৌছাতে হবে। উক্ত সময়ের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

(৭) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা শর্তাবলী অপূর্ণ থাকলে আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

(৮) কোটা সম্পর্কিত প্রচলিত সরকারি নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে (কোটার নাম আবেদনপত্রের উপর স্পষ্ট করে লাল কালি দিয়ে লিখতে হবে)।

(৯) **প্রার্থীকে খামের উপরে পদের নাম ও নিজ জেলা স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে।**

(১০) আবেদনপত্র গ্রহণ, বাছাই করা এবং নিয়োগের ক্ষেত্রে কোন কারণ দর্শানো ব্যতিরেকে বিজেএমসি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১১) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১২) প্রার্থী যে ঠিকানায় বাছাই পরীক্ষার প্রবেশপত্র পেতে চান উক্ত ঠিকানা সম্বলিত ৪"-১০" মাপের ১০ (দশ) টাকার ডাকটিকিট সম্বলিত একটি খাম আবেদনপত্রের সঙ্গে প্রেরণ করতে হবে।

(১৩) **আবেদনপত্রের নিয়মাবলী** ঃ আবেদনকারীকে আবেদনে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী পূর্ণ ঠিকানা, জন্ম তারিখ, বয়স (০৬/১২/২০১০ তারিখে), জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, বোর্ড/বিশ্বঃ, শ্রেণী/বিভাগ/জিপিসহ) এবং অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।

বিজ্ঞপ্তিটি বিজেএমসি'র ওয়েবসাইট www.bjmc.gov.bd- তে দেখা যাবে।

বিজেএমসিঃ ১৫৪ তাং- ০১/১১/১০

জিডি-৪৭০৩

মোঃ আব্দুল মজিদ

সচিব